# রিয়াদুল মুসলিমাত

ঠিকানা ঃ- ৭১২/২২/৮, বায়তুল আমান হাউজিং
রোড # ১০, আদাবর, ঢাকা-১২০৭।

## ৩১ তম বার্ষিক সাধারণ সভা-২০২১

সভার তারিখঃ ২৮ মে ২০২২ ইং
বিসমিল্লাহির রহমানির রহীম

## ২০২১ সালে সম্পাদিত বাৎসরিক কার্যক্রম প্রতিবেদন

**সম্মানিত সদস্যবৃন্দ,**

আসসালামু আলাইকুম। দীর্ঘদিন পর আজকের এই বার্ষিক সাধারণ সভায় আপনাদের আন্তরিক উপস্থিতিতে আমরা অনুপ্রানিত। রিয়াদুল মুসলিমাত-এর পক্ষ থেকে সকলের প্রতি আন্তরিক শুভেচ্ছা ও ধন্যবাদ রইল ।

২০২১ সালে কোভিড-১৯ সমগ্র বিশ্বে মহামারী আকার ধারন করে। যার ফলে বাংলাদেশেও সামাজিক, অর্থনৈতিক ও সমগ্র শিক্ষা ব্যবস্থা ভেঙ্গে পড়ে। এমতাবস্তায় রিয়াদুল মুসলিমাত সরকারের নির্দেশনা অনুযায়ী খুব সল্প পরিসরে তার পরিকল্পিত কার্যক্রম বাস্তবায়ন করে। এজন্য আমরা মহাণ আল্লাহ্‌র দরবারে লাখো-কোটী শুকরিয়া জানাই এবং সকল সম্মানিত সদস্যদের আন্তরিকতা ও আর্থিক সহযোগিতাকে কৃতজ্ঞতার সাথে স্মরণ করি।

সকলের অবগতির জন্য ২০২১ সালে সম্পাদিত কার্যক্রম সমূহ বর্ণনা করা হলঃ-

রিয়াদুল মুসলিমাতের শিক্ষা কার্যক্রম মুলতঃ ৩ টি

১। সকালে “শিক্ষা কার্যক্রম”
২। বিকালে “বৈকালিক শিক্ষা কার্যক্রম”
৩। “অনাথ বালিকা নিবাস পরিচালনা”

রিয়াদুল মুসলিমাতের সকল শিক্ষা কার্যক্রম অবৈতনিক।

**১। শিক্ষা কার্যক্রমঃ** ২০২১ সালে বাংলা বিভাগের বার্ষিক কার্যক্রম অনুযায়ী নার্সারি থেকে দশম শ্রেণী পর্যন্ত সকল ছাত্র-ছাত্রীদের পাঠদান করা হয়। বিদ্যালয়ে মোট ছাত্র-ছাত্রী সংখ্যা ছিল ৩৫০ জন। তার মধ্যে ৭০ জন ছাত্র ও ২৭৮ জন ছাত্রী। শিক্ষক-শিক্ষিকার সংখ্যা ছিল ৭ জন। সকাল ৭.৩০ থেকে ৭.৫০ মিনিট পর্যন্ত পিটি করানো হয়। মার্চ মাস থেকে সরকারি নির্দেশনা অনুযায়ী সকাল ৮.০০ থেকে ২.০০ পর্যন্ত অনলাইন ক্লাশ পরিচালনা করা হয়েছিল। পড়াশোনার পাশাপাশি সকল শ্রেণীর ছাত্র-ছাত্রীদের নিয়ে বিভিন্ন ধরনের ধর্মীয় ও সংস্কৃতিমূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল-যেমন

১। সরকার নির্ধারিত বই উৎসব (১লা মার্চ ২০২১) ২। মাতৃভাষা দিবস (২১শে ফেব্রুয়ারি ২০২১)
৩। স্বাধীনতা দিবস (২৬ শে মার্চ ২০২১) ৪। বিজয় দিবস (১৬ই ডিসেম্বর ২০২১) ৫। শিক্ষা সফর (ডিসেম্বর ২০২১)

# এছাড়াও সকল ছাত্র-ছাত্রীদের পড়াশোনার সুবিধার জন্য লায়ন্স ক্লাব অফ ঢাকা ওয়েসিস এর পক্ষ থেকে খাতা, পেন্সিল, কাটার, রাবার, হাইজিন কিটস ও অন্যান্য সামগ্রী দেওয়া হয়েছে।
# রমজান উপলক্ষে ---ছোলা, চিনি, খেজুর, দুধ ইত্যাদি বিতরন করা হয়েছিল।
# ঈদ-উল-ফিতর উপলক্ষে --- সেমাই, চিনি, দুধ পোলাও চাল ও পোশাক দেওয়া হয়।
# ঈদ-উল-আযহা উপলক্ষে সকল শিক্ষক ও আবাসিক মেয়েদের জন্য গোশত বিতরন করা হয়।
# ১২ থেকে ১৬ বছরের সকল মেয়েদের করোনা টিকা ধাপে ধাপে (৪৩+১৭+১২+৯+৫=৮৬ জন) ছাত্র-ছাত্রী ও সকল শিক্ষক শিক্ষিকাদের ১ম ও ২য় ডোজ সম্পূর্ণ করা হয়েছিল। ( নভেম্বর ২০২১ থেকে জানুয়ারি ২০২২)
# ২০১৯ সালে আমাদের হোস্টেল থেকে ২ জন ছাত্রী এস.এস.সি পরীক্ষায় ভালো ফলাফল করায় তাদেরকে পুরস্কৃত করা হয়।
# বার্ষিক পরীক্ষায় ১ম শ্রেণী থেকে ১০ম শ্রেণী পর্যন্ত ১ম,২য় ও ৩য় স্থান অধিকারীদের পুরস্কার দেওয়া হয় এবং সকল ছাত্র-ছাত্রীদের নিয়ে পিঠা উৎসবের আয়োজন করা হয়।

**২। বিকালে বৈকালিক শিক্ষা কার্যক্রমঃ-** বৈকালিক দ্বীনি শিক্ষায় মোট শিক্ষার্থী ছিল ১৩৬ জন। এই কার্যক্রমের মাধ্যমে শিক্ষার্থীদেরকে সহীহ ও শুদ্ধভাবে পবিত্র কোরআন শরীফ পড়ার শিক্ষা দেওয়া হয়। এছাড়াও নামাজ, রোজা, বিভিন্ন মাসনুন দোয়া, অর্থসহ সূরা, হাদিস, আল্লাহ্‌র নাম, ধর্মীয় আদব-কায়দা সম্পর্কে শিক্ষা দেওয়া হয়। ০২ মার্চ ২০২১ সালে তৎকালীন করোনা ভাইরাসের ভয়াবহ পরিস্থিতির জন্য সকল শিক্ষা কার্যক্রম বন্ধ রাখা হয়। কিন্তু শিক্ষার্থীদের দ্বীনি শিক্ষার কথা বিবেচনা করে অনলাইনে উক্ত কার্যক্রম পরিচালনা করা হয়। কিছুদিন ক্লাস নেওয়ার পর শিক্ষিকা আরজু অসুস্থ হয়ে ছুটিতে চলে যান। এরপর শিক্ষক তাজুল ইসলাম তার বিবির উপস্থিতিতে সপ্তাহে ৫ দিন বিকাল ৩.০০ টা থেকে ৫.০০ টা পর্যন্ত অফলাইনে আবাসিক শিক্ষার্থীদের বৈকালিক দ্বীনি শিক্ষা কার্যক্রম চালিয়ে যান। কুরআনের শিক্ষার্থী ১৬ জন, আমপারা শিক্ষার্থী ১৭ জন ও কায়দা শিক্ষার্থী ৮ জন। ২০২১ সালের আগস্ট মাসে বহিরাগত ৮ জন ছাত্র অফলাইনে আরবি ক্লাসে যোগ দেয়।

**৩। অনাথ বালিকা নিবাস পরিচালনাঃ-** ২০২১ সালে অনাথ বালিকা নিবাসে ছাত্রী সংখ্যা ছিল কম-বেশি ৪১ জন। এদের বয়স সীমা ৮ বৎসর থেকে ১৭ বৎসর। এদের মধ্যে নার্সারি থেকে ১০ম শ্রেণি পর্যন্ত ৩৮ জন এবং এস.এস.সি পরীক্ষার্থী ৩ জন রিয়াদুল মুসলিমাত শিশু শিক্ষালয়ে অধ্যয়নরত। আবাসিক মেয়েদের নিয়মিত প্রাথমিক শিক্ষা, দ্বীনি শিক্ষা ও কারিগরি শিক্ষা বাধ্যতামূলক।এছাড়াও আবাসিক মেয়েদেরকে গৃহস্থালি কাজের প্রশিক্ষণ দেওয়া হয়। ২০২১ সালের করোনাকালিন ভয়াবহ পরিস্থিতির মধ্যেও আবাসিক মেয়েরা আবাসিক নিবাসে অবস্থান করেছে এবং তাদের সকল কার্যক্রম বহাল রেখেছে। ১ম থেকে ১০ম শ্রেণী পর্যন্ত সকল শিক্ষার্থী অনলাইনে নিয়মিত ক্লাস করেছে। পড়াশুনার পাশাপাশি তারা বিভিন্ন ধরনের প্রতিযোগিতামুলক ও শিক্ষামূলক কার্যক্রমে অংশগ্রহণ করেছে। যেমনঃ- চিত্রাঙ্কন প্রতিযোগিতা, সাংস্কৃতিক সন্ধ্যা, শিক্ষা সফর, বনভোজন ইত্যাদি। প্রতিষ্ঠানের সকল ধরনের পরিস্কার-পরিচ্ছন্নতামূলক কার্যক্রম সংগঠনের নিয়মানুযায়ী আবাসিক নিবাসের মেয়েরা দল অনুযায়ী নিজ নিজ দায়িত্বে করে থাকে। এছাড়াও প্রতি শুক্রবার সংগঠনের নির্ধারিত উন্নতমানের খাবার (পোলাও, রোস্ট, বিরিয়ানি, খিচুরি ইত্যাদি) মেয়েরা নিজেরাই রান্না করে। এসকল মেয়েদেরকে আরও উৎসাহিত ও নিজ কাজের প্রতি দায়িত্ববান হিসেবে গড়ে তোলার জন্য সংগঠনের পক্ষ থেকে বছরে দুইবার আবাসিক নিবাসের সেরা দুইজন ছাত্রী নির্বাচন করে তাদেরকে পুরস্কৃত করা হয়।এছাড়াও-

**- আবাসিক মেয়েদের সেলাইকৃত পণ্য নিয়ে বিভিন্ন মেলার আয়োজন করা হয় এবং উক্ত কার্যক্রমের সকল লভ্যাংশ ব্যয় করা হয় আবাসিক নিবাসের মেয়েদের জন্য। যেমনঃ রমাদান মেলা, ফাগুন মেলা, বিজয় দিবস উপলক্ষে মেলা ইত্যাদি।**
**- ২০২১ সালের মার্চ মাসে আবাসিক মেয়েদের জন্য আবাসিক নিবাসে জ্যোতি স্যানিটারি ন্যাপকিন ভেন্ডিং মেশিন স্থাপন করা হয়।**
**- সাদাকা হিসেবে আবাসিক নিবাসে গোশত দেওয়া হয়।**
**- সাদাকা হিসেবে আবাসিক নিবাসে উন্নতমানের খাবার দেওয়া হয়। (মিষ্টান্ন জাতীয় খাবার সহ)**
**- সাদাকা হিসেবে আবাসিক নিবাসে মৌসুমি ফল দেওয়া হয়।**
**- ২০২১ সালে আবাসিক মেয়েদের মাঝে নতুন পোশাক বিতরন করা হয়।**
**- এছাড়াও প্রতি বছরের মত ২০২১ সালেও আবাসিক মেয়েদের মাঝে নতুন কম্বল বিতরন করা হয়েছে।**

# ২০২১ সালে মোট সাধারণ সদস্য সংখ্যা ছিলঃ- ৩৭১ জন
# দাতা সদস্য ছিলেনঃ- ১৭ জন
# আজীবন সদস্য ছিলেনঃ- ৪৫ জন
# বেতন ভুক্ত কর্মকর্তা ও কর্মচারী সংখ্যা ছিলঃ- ১৪ জন

## এই ছিল রিয়াদুল মুসলিমাত-এর ২০২১ সালের বাৎসরিক কার্যক্রম

আপনাদের সকলের সুসাস্থ্য ও মঙ্গল কামনা করে আল্লাহ্‌র দরবারে সকলের জন্য আল্লাহ্‌র নেয়ামত, রহমত, বরকত, মাগফেরাত ও হেদায়েত করে বক্তব্য শেষ করছি একটি হাদিস দিয়ে :-

প্রিয় নবী করিম (সাঃ) বলেছেন " ইয়া আল্লাহ্‌ আমাকে মিসকিন অবস্থায় রাখ, মিসকিন অবস্থায় দুনিয়া থেকে নিও, মিসকিনদের সাথে আমার হাশর করিও।

**ধন্যবাদান্তে**

**রিয়াদুল মুসলিমাত কর্তৃপক্ষ**